.(2 /2080) ق.



সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৫১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সফরে কোন কোন অবস্থায় সিয়াম পালনকারীর চেয়ে সিয়াম ভঙ্গকারীগণ উত্তম বিবেচিত হন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ بَعْضَ الْمُسَافِرِينَ إِذَا أَفْطرُوا قَدْ يَكُونُونَ أَفْضلَ مِنْ بَعْضِ الصُّوَّامِ فِي بعض الأحوال

আরবী

3551 = أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنِ الرَّيَّانِيُّ قَالَ: حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَادَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ قَالَ: حَدَّثَنَا عَاصِمٌ الْأَحْوَلُ عَنْ مُورِّقِ الْعِجْلِيِّ عَنْ أَنسِ بْنِ مَالِكُ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ قَالَ: حَدَّثَنَا عَاصِمٌ الْأَحْوَلُ عَنْ مُورِّقِ الْعِجْلِيِّ عَنْ أَنسِ بْنِ مَالِكُ قَالَ: كُنَّا مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي سَفَرٍ فَمِنَّا الصَّائِمُ وَمِنَّا الْمُفْطِرُ وَنَزَلْنَا مَنْزِلًا يَوْمًا حَارًّا شَدِيدَ الْحَرِّ فَمِنَّا مِنْ يَتَّقِي الشَّمْسَ بِيَدِهِ وَأَكْثَرُنَا ظِلَّا صَاحِبُ كِسَاءٍ يَسْتَظِلُّ يَوْمًا حَارًّا شَدِيدَ الْحَرِّ فَمِنَّا مِنْ يَتَّقِي الشَّمْسَ بِيَدِهِ وَأَكْثَرُنُا ظِلًّا صَاحِبُ كِسَاءٍ يَسْتَظِلُّ بَوْمًا حَارًّا شَدِيدَ الْحَرِّ فَمِنَّا مِنْ يَتَّقِي الشَّمْسَ بِيَدِهِ وَأَكْثَرُنَا ظِلًّا صَاحِبُ كِسَاءٍ يَسْتَظِلُ بَوْمًا لَا اللهِ عَلَى مَا الْمُفْطِرُونَ يَضَنْرِبُونَ الْأَبْنِيَةَ وَيُصِلْحُونَ الرَّكَائِبَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (ذَهَبَ الْمُفْطِرُونَ الْيَوْمَ بِالْأَجْرِ) ملى الله عليه وسلم: (ذَهَبَ الْمُفْطِرُونَ الْيَوْمَ بِالْأَجْرِ) الراوي : أَنس ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان على صحيح ابن حبان

বাংলা

৩৫৫১. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে এক সফরে ছিলাম। আমাদের মাঝে কেউ সিয়াম রাখছিলেন আবার কেউ কেউ সিয়াম ভঙ্গ করেছিলেন। প্রচন্ড গরমের দিনে আমরা এক জায়গায় যাত্রা বিরতি দেই। আমাদের মাঝে কেউ কেউ হাত দিয়ে সূর্যতাপ থেকে বাঁচার চেষ্টা করেন। আমাদের মাঝে সবচেয়ে বেশি ছায়া ছিল সেই ব্যক্তির, যার চাদর ছিল। সেখানে সিয়াম পালনকারী ব্যক্তি ছায়া গ্রহণ করতো। আর সিয়াম ভঙ্গকারী সাহাবীগণ তাবূ স্থাপন ও মাল-সামান ঠিকঠাক করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আজকে সিয়াম ভঙ্গকারীগণ সাওয়াব নিয়ে গেলো!"[1]



ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২০৩৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১৪; সহীহ মুসলিম: ১১১৯; নাসাঈ: ৪/১৮২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ২/৬৮; সহীহুল বুখারী: ২৮৯০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন